রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২২, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রশাসন শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ২০শে ফাল্গুন ১৪০৫/৪ঠা মার্চ ১৯৯৯

এস, আর, ও নং ৪৩-আইন/৯৯—কোষ্ট গার্ড আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ২৬ নং আইন) এর ধারা ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কোষ্ট গার্ড অধিদপ্তরের মহা-পরিচালক, সরকারের পূর্বানু-মোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই প্রবিধানমালা বাংলাদেশ কোষ্ট গার্ড (পোষাক ও মনোগ্রাম) প্রবিধানমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। **পোষাক।**—(১) কোষ্ট গার্ড বাহিনীর দুই প্রকার পোষাক থাকিবে ঃ (ক) কর্মকালীন (Working) এবং (খ) আনুষ্ঠানিক (Ceremonial), যাহার পূর্ণ বিবরণ পরিশিষ্ট-ক এ প্রদত্ত হইয়াছে।

(২) মহা-পরিচালক, লিখিত আদেশ দ্বারা, পরিশিষ্ট-ক এ উল্লিখিত কোন পোষাক বা দ্রব্য-সামগ্রীর নির্ধারিত রং এর পরিবর্তে অন্য কোন রং নির্ধারণ করিতে পারিবেন।

(৩) **পোষাক ইত্যাদি সরবরাহ।**—(১) কোষ্ট গার্ড বাহিনীর সদস্যগণকে পরিশিষ্ট-খ এ প্রদত্ত তালিকা অনুযায়ী পোষাক ও অন্যান্য দ্রব্য-সামগ্রী বিনামূল্যে সরবরাহ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, বাংলাদেশ নৌ-বাহিনী হইতে প্রেষণে নিয়োজিত কোষ্ট গার্ড বাহিনীর কোন সদস্যকে উক্ত তালিকায় ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ও ১১ এ বর্ণিত দ্রব্য-সামগ্রী সরবরাহ করা হইবে না।



মূল্য ঃ টাকা ৩.০০

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোন পোষাক বা দ্রব্য-সামগ্রী গ্রহণকালে, গ্রহণকারীর চাকুরীকাল সাত বৎসর পূর্ণ না হইয়া থাকিলে তাহাকে পূর্বে সরবরাহকৃত পোষাক বা দ্রব্য-সামগ্রী ফেরত প্রদান করিতে হইবে।

(৩) যদি কোষ্ট গার্ড বাহিনীর কোন সদস্যের এই প্রবিধানমালার অধীন সরবরাহকৃত পোষাক বা অন্য কোন দ্রব্য-সামগ্রী ঝড়, বন্যা, অগ্নিকান্ড বা অন্য কোন প্রাকৃতিক দূর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত হয়, তাহা হইলে, মহা-পরিচালকের অনুমোদনক্রমে, পরিশিষ্ট-খ এর বিধান অনুযায়ী উক্ত পোষাক বা দ্রব্য-সামগ্রীর ব্যবহারের মেয়াদ পূর্ণ না হওয়া সত্ত্বেও, উহার পরিবর্তে নূতন পোষাক বা দ্রব্য-সামগ্রী সরবরাহ করা যাইবে।

(৪) কোষ্ট গার্ড বাহিনীর কর্মকর্তাগণ পরিশিষ্ট-গ এ প্রদত্ত তালিকা অনুযায়ী পোষাক ও অন্যান্য দ্রব্য-সামগ্রী কোষ্ট গার্ড ষ্টোর হইতে নির্ধারিত মূল্যে ক্রয় করিতে পারিবেন।

৪। **পোষাক পরিধান।**— কোষ্ট গার্ড বাহিনীর সদস্যগণ এই প্রবিধানমালার অধীন নির্ধারিত পোষাক নিম্নবর্ণিত সময় পরিধান করিতে বাধ্য থাকিবেন, তবে কোন্ সময় কোন্ প্রকার পোষাক পরিধান করিতে হইবে তাহা মহা-পরিচালক কর্তৃক নির্ধারিত হইবে, যথা :—

(ক) পরিদর্শন, ডিভিশন ও প্যারেডসহ সকল সরকারী সামরিক ও বেসামরিক অনুষ্ঠানকালে ;

(খ) সামাজিক অনুষ্ঠানকালে ;

(গ) কোষ্ট গার্ড বাহিনীর জাহাজ বন্দরে প্রবেশের সময় এবং বন্দর হইতে বাহির হইবার সময় ;

(ঘ) কাজের জন্য বাহিরে প্রেরিত হইলে, বাহিরে অবস্থানকালীন সময় ;

(ঙ) এতদ্ব্যতীত, কর্মরত অন্য যে কোন সময়।

৫। **কোষ্ট গার্ড মনোগ্রাম।**—কোষ্ট গার্ড বাহিনীর একটি মনোগ্রাম থাকিবে যাহার বিবরণ পরিশিষ্ট-ঘ তে প্রদত্ত হইয়াছে।

## পরিশিষ্ট-ক

[প্রবিধান ২ (১) ও (২) দ্রষ্টব্য]


কোষ্ট গার্ড বাহিনীর পোষাকের বিবরণ

**কর্মকালীন (Working) পোষাক**

১। (ক) ক্যাপ জকি, ব্যাজসহ রং নীল এর কাপড়ের তৈয়ারী ক্যাপ জকি যাহার মধ্যে ছয়টি পট্টি থাকিবে এবং এমব্রয়ডারী করা ব্যাজ ও ব্যাজের সীমানার মধ্যে কোষ্ট গার্ড মনোগ্রাম থাকিবে ; কমান্ডার ও তদূর্ধ্ব অফিসারদের ক্যাপের পিক ব্রাস খচিত হইবে এবং কমডোর ও তদূর্ধ্ব অফিসারদের ক্যাপের পিকে ডাবল ব্রাস হইবে।

(খ) **ক্যাপ ব্যারেট, ব্যাজসহ** ঃ ৪.৫ মিলিমিটার ব্যাস ও ১ মিলিমিটার ঘনত্ব বিশিষ্ট নীল রং এর ব্লেজার কাপড়ের তৈয়ারী ক্যাপ ব্যারেট এবং এমব্রয়ডারী করা ব্যাজ ও ব্যাজের সীমানার মধ্যে কোস্ট গার্ড মনোগ্রাম থাকিবে, মনোগ্রামের পার্শ্ব ব্রাস খচিত এবং ক্যাপের প্রান্ত কালো বর্ডারের হইবে ; কেবল কমান্ডার ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ ক্যাপ ব্যারেট পরিধান করিবেন।

২। **ট্রাউজার** ঃ নিম্নের বিবরণ ও চিত্র অনুযায়ী নীল রং এর ড্রিল কাপড়ের ট্রাউজার ঃ



(ক) লম্বা নাভীর উপরিভাগ হইতে পায়ের জুতার ফিতা আবৃত অবস্থায় পর্যন্ত হইবে ;


(খ) কোমরের পট্টি ১½" ইঞ্চি চওড়া ও উহার উপর ৩/৮" চওড়া ৮টি লুপ হইবে ;

(গ) পকেট দুই পাশে সেলাই বরাবর দুইটি ও পিছনের ডান দিকে একটি হইবে ;

(ঘ) পায়ের নীচের ঢোলা ১৭—২০" ও ভিতরের দিকে ৩" মুড়িয়া সেলাই হইবে ;

(ঙ) সম্মুখে উভয় পার্শ্বে একটি করিয়া কুচি হইবে ও কোমরের পট্টির মাথা বাড়তি হইবে।

৩। শার্ট ঃ নিম্নের বিবরণ ও চিত্র অনুযায়ী নীল রং এর ড্রীল কাপড়ের শার্ট ঃ



(ক) লম্বা কাঁধ হইতে হিপের নিম্নাংশ পর্যন্ত হইবে ;

(খ) হাফ হাতা হইবে উহা হাতের কনুই পর্যন্ত লম্বা হইবে এবং ১৬—১৮″ ঢোলা ও ১ ১/২″ মুড়িয়া সেলাই হইবে ;

(গ) কলার গলার বোতামের পট্টির জোড়া হইতে ৩ ১/৪″—৩ ১/২″ লম্বা হইবে ;

(ঘ) পকেট লম্বা ৫″ এবং চওড়া উপরের অংশে ৪ ১/২″ ও নীচের অংশে ৪ ৩/৮″ হইবে ;

(ঙ) পকেটের ফ্ল্যাপ তিন কোন বিশিষ্ট এবং দুইপাশে ১ ১/২″ ও মধ্যভাগে ২ ১/২″ চওড়া হইবে ;

(চ) পকেটের নিম্নাংশ দুই কোনার গোলাকৃতি কিনারায় একটি সেলাই ও ফ্ল্যাপের উপরিভাগ ১/৪″ দূরত্বে একটি সেলাই হইবে ;

(ছ) ফ্ল্যাপের দুই পাশে ও পকেটের নিম্নাংশে কোনায় একটি সেলাই ও বোতাম লাগানোর জন্য একটি বোতামের ঘর হইবে ;

(জ) শার্টের গলার বোতাম হইতে নাভীর ১″ নীচে পর্যন্ত পাঁচটি বোতাম হইবে এবং কলারের পট্টির ৩ ১/২″ পর হইতে বোতাম হইবে ;

(ঝ) শার্টের নীচের অংশে ১/৪″ মুড়িয়া সেলাই হইবে ;

(ঞ) শার্টের কাঁধের পট্টির দুই মাথার অংশ ২ ১/৪″ হইতে ২ ১/২″ চওড়া ও গলার দুই পাশের অংশ ৩ ১/২″ হইতে ৩ ৩/৮″ চওড়া হইবে ;

(ট) শার্টের সম্মুখে ও পকেটে পিলেট হইবে ;

(ঠ) শার্টের কাঁধে শুধুমাত্র জেসিওদের জন্য শোল্ডার স্ট্রাইপ হইবে এবং অফিসারদের বেলায় ২টি লুপ হইবে।

৪। **জুতা ও মোজা ঃ** কালো রং এর চামড়ার জুতা ও কালো রং এর মোজা, সেন্ট্রির দায়িত্বে নিয়োজিত থাকাকালে জুতার পরিবর্তে এ্যাংলেটসহ বুট ও বেল্টের পরিবর্তে বেল্ট ওয়েস্ট পরিধান করিতে হইবে।

৫। **বেল্ট ঃ** নীল রং এর।

৬। **র‍্যাংক ব্যাজ ঃ** বাংলাদেশ নৌ-বাহিনীতে প্রচলিত র‍্যাংক (পদবী) কোষ্ট গার্ডের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং অফিসার ও জেসিওগণ র‍্যাংক ব্যাজ কাঁধের ফ্লাপের সহিত ও অন্যান্যরা বাম হাতে টিপ বোতামের/ভেলকোটেপের সাহায্যে ব্যবহার করিবে।

৭। বিরন।

৮। **নেইম ট্যালী ঃ** সাদা রং এর।

৯। কোষ্ট গার্ড টাইটেল।

১০। জার্সি।

**টীকা ঃ** কর্মকালীন পোষাক হিসাবে কমান্ডার ও তদূর্দ্ধ পদবীর কর্মকর্তাগণ হাফ বুশ শার্ট পরিধান করিতে পারিবেন। উক্ত পোষাকের বিনির্দেশ আনুষ্ঠানিক পোষাকের বুশ কোর্টের মতই হইবে তবে হাতার লম্বা হাতের কনুই পর্যন্ত হইবে।

আনুষ্ঠানিক (Ceremonial) পোষাক।

১। **বুশ কোট ঃ** নিম্নের বিবরণ ও চিত্র অনুযায়ী নীল রং এর বুশ কোট, যাহাতে ৪টি বড় ও ৪টি মাঝারি আকারের বোতাম থাকিবে, বোতামগুলি নাবিকদের ক্ষেত্রে নাইলন ও নীল রং এর এবং অফিসারদের ক্ষেত্রে পিতলের হইবে ঃ



(ক) লম্বা পিছনের হিপের নিম্নাংশ পর্যন্ত ;

(খ) নীচের অংশে দুই সাইডে ৮" খোলা থাকিবে ;

(গ) বুকের দুই পার্শ্বে তিন কোনা ঢাকনাবিশিষ্ট পকেট থাকিবে ; উপরের পকেটদ্বয়ের মাঝখানে ১$\frac{১}{২}$" প্লিট হইবে ;

(ঘ) সম্মুখ ভাগের নীচ অংশে দুইটি তিন কোনা ঢাকনাবিশিষ্ট পকেট থাকিবে ;

(ঙ) কোমরে কাপড়ের ২" চওড়া বেল্ট ও দুই কাটাবিশিষ্ট বাকল থাকিবে, নাবিকদের ক্ষেত্রে সিলভার রং এর মেটালিক বাকল এবং অফিসারদের ক্ষেত্রে পিতলের বাকল হইবে ;

(চ) কলার, ঢাকনা ও বেল্টের কিনারায় $\frac{১}{৪}$" বাদ দিয়া একটি সেলাই হইবে ;

(ছ) সম্মুখে ৪টি ৯/১০" ও পকেটের চার ঢাকনায় ১৫/২০" চারটি বোতাম হইবে, বোতামগুলির নাবিকদের ক্ষেত্রে নাইলন ও নীল রং এর এবং অফিসারদের ক্ষেত্রে পিতলের হইবে ;

(জ) নীচের অংশে হাতার ১$\frac{১}{২}$" মুড়িয়া সেলাই হইবে ;

(ঝ) কলারের গোড়ায় কোন বোতাম হইবে না ;

(ঞ) ফুল হাতা হইবে যাহার লম্বা হাতের কব্জি ও বৃদ্ধাংগুলির গোড়ার মাঝামাঝি হইবে।

২। **মেডাল।**

৩। **স্কার্ফ (Scarf)** ঃ সাদার মধ্যে নীল রং এর চেক ডোরা কাটা স্কার্ফ (কেবল শীতকালের জন্য)।

৪। **কর্মকালীন (Working)** ঃ পোষাকের অন্তর্ভুক্ত শার্ট ও রিবন ব্যতীত অন্যান্য পোষাক ও দ্রব্য-সামগ্রী, তবে ট্রাউজারের পিছনের পকেট থাকিবে না।

পরিশিষ্ট-খ

[প্রবিধান ৩(১) দ্রষ্টব্য]

কোষ্ট গার্ড বাহিনীর সদস্যগণকে বিনামূল্যে সরবরাহযোগ্য পোষাক ও অন্যান্য দ্রব্য-সামগ্রীর তালিকা ঃ

| ক্রমিক নং | পোষাক ও অন্যান্য দ্রব্য-সামগ্রীর বিবরণ | ব্যবহারের মেয়াদ | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কম্বল পশমি সাধারণ ব্যবহার (জিএস) | ৩৬ মাস | ২টি | |
| ২। | কম্বল পশমি অতিরিক্ত বড় (ইএল) | ৯৬ মাস | ১টি | |
| ৩। | দড়ি | ৩৬ মাস | ১টি | |
| ৪। | বেড কভার (গ্রাউন্ড সিট) | ৩৬ মাস | ১টি | |
| ৫। | বিছানার চাদর | ১২ মাস | ১টি | |
| ৬। | মশারী | ২৪ মাস | ১টি | |
| ৭। | ওভারকোট (শীতকালীন) | ৩৬ মাস | ১টি | ইউনিটের নামে বরাদ্দ থাকিবে, নাবিকগণ অস্থায়ী ঋণে গ্রহণ করিবে। |
| ৮। | রেইন কোট | ২৪ মাস | ১টি | |
| ৯। | গাম বুট | ২৪ মাস | ১টি | |
| ১০। | কিট ব্যাগ | ৩৬ মাস | ১টি | |
| ১১। | বালিশ | ৩৬ মাস | ১টি | |
| ১২। | বালিশের কভার | ১২ মাস | ২টি | |
| ১৩। | ট্রাউজার (সিজি ক্লোথ ড্রিল) | ১২ মাস | ৪টি | |
| ১৪। | শার্ট হাফ স্লিভ (সিজি ক্লোথ ড্রিল) | ১২ মাস | ৩টি | |
| ১৫। | শার্ট বুশ ফুল (স্লিভ ক্লোথ ড্রিল) | ১২ মাস | ১টি | |
| ১৬। | শর্ট (সিজি ক্লোথ ড্রিল) | ১২ মাস | ২টি | |
| ১৭। | কালো জুতা (চামড়া) | ১৮ মাস | ২ জোড়া | |
| ১৮। | বুট ডি এম এস | ১২ মাস | ১ জোড়া | |
| ১৯। | নীল মোজা (সূতী/নাইলন) | ১২ মাস | ৪ জোড়া | |
| ২০। | নীল মোজা (পশমী) | ১২ মাস | ২ জোড়া | |
| ২১। | জিম সু | ৬ মাস | ১ জোড়া | |

| ক্রমিক নং | পোষাক ও অন্যান্য দ্রব্য-সামগ্রীর বিবরণ | ব্যবহারের মেয়াদ | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২২। | বেল্ট ওয়েষ্ট | ১২ মাস | ১টি | |
| ২৩। | বাকল বেল্ট ওয়েষ্ট | ২৪ মাস | ১টি | |
| ২৪। | জার্সি (সিজি কালার) | ৩৬ মাস | ১টি | |
| ২৫। | অভার অল (কালো) | ১৮ মাস | ১ জোড়া | |
| ২৬। | ব্যাজ র‍্যাংক | ১২ মাস | ৪টি | |
| ২৭। | ব্যাজ বেট/ট্রেড বেজ | ১২ মাস | ৪টি | |
| ২৮। | ব্যাজ ক্যাপ | ৪ মাস | ১টি | |
| ২৯। | ক্যাপ জকি | ৬ মাস | ১টি | |
| ৩০। | গেঞ্জি সুতি | ৪ মাস | ২টি | |
| ৩১। | তোয়ালে | ৬ মাস | ১টি | |
| ৩২। | স্পোর্টস জার্সি | ৩৬ মাস | ১টি | কেবল অফিসার, জেসিও ও পিটি-আইদের জন্য। |
| ৩৩। | স্পোর্টস ব্লেজার | ৬০ মাস | ১টি | কেবল অফিসার ও জেসিওদের জন্য। |
| ৩৪। | টাইটেল শোলডার/এ্যাপুলেট (জেসিওদের জন্য)। | ১২ মাস | ২ জোড়া | |
| ৩৫। | মাফলার (সিজি/নেভী ব্লু কালার) | ৩৬ মাস | ১টি | |
| ৩৬। | গ্লোভস কটন সাদা | ৩৬ মাস | ১ জোড়া | ঋণ হিসাবে প্রদান করা হইবে। |
| ৩৭। | গেঞ্জি স্পোর্টস নাবিক (গোলগলা হাফ হাতা) | ১২ মাস | ২টা | |
| ৩৮। | এপ্রন এন্ড হেড গেয়ার | ১২ মাস | ১টি | |
| ৩৯। | মগ (পানি পানের) | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪০। | কর্ক টেবিল | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪১। | চামচ (মধ্যম) | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪২। | প্লেট এ্যালুমিনিয়াম | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪৩। | সীম্যান নাইফ | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪৪। | এ্যাটাচি কেচ | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪৫। | হাউজ ওয়াইফ | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪৬। | সীল (সরকারী সংখ্যা) | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪৭। | নেইম প্লেট | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |
| ৪৮। | সুইমিং কসটিউম | | ১টি | কেবল নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য। |

| ক্রমিক নং | পোষাক ও অন্যান্য দ্রব্য-সামগ্রীর বিবরণ | ব্যবহারের মেয়াদ | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ওয়েব ইকুইপমেন্ট | | | |
| ৪৯। | বেল্ট ওয়েব লাইলন | ২৪ মাস | ১টি | ইউনিটের জনবলের ৩০% এর জন্য। |
| ৫০। | হেলমেট ফাইবার গ্লাস | ৬০ মাস | ১টি | |
| ৫১। | স্ট্রাইপ শোলডার এইচ/এস ডান | ৬০ মাস | ১টি | |
| ৫২। | স্ট্রাইপ শোলডার এইচ/ এস বাম | ৬০ মাস | ১টি | |
| ৫৩। | হ্যাভার স্যাক | ৬০ মাস | ১টি | |
| ৫৪। | স্ট্রাইপ সাপোর্টিং প্যাক | ৬০ মাস | ১ জোড়া | |
| ৫৫। | এ্যাংকলেট ওয়েব | ৩৬ মাস | ১ জোড়া | |
| ৫৬। | এ্যাটাসমেন্ট ব্রাসেস | ৬০ মাস | ১ জোড়া | |
| ৫৭। | পানির বোতল প্লাষ্টিক ক্যারিয়ারসহ | ৩৬ মাস | ১টি | |
| ৫৮। | ব্রাসেস সাধারণ ওয়েব | .. | ২টি | |
| ৫৯। | ক্যাপ পিক সাদা ব্যাজসহ | ১২ মাস | ১টি | |
| ৬০। | জুতার কালি | ১২ মাস | ৩টি | |
| ৬১। | জুতার ব্রাস | ১২ মাস | ১টি | |
| ৬২। | স্কার্ফ | ২৪ মাস | ১টি | |
| ৬৩। | কোষ্ট গার্ড মনোগ্রাম | ৬ মাস | ১টি | |

## পরিশিষ্ট-গ

[প্রবিধান ৩(৪) দ্রষ্টব্য]

কোষ্ট গার্ড বাহিনীর কর্মকর্তাগণ কর্তৃক গার্ড ষ্টোর হইতে নির্ধারিত মূল্যে ক্রয়যোগ্য পোষাক ও অন্যান্য দ্রব্য-সামগ্রীর তালিকা।

| ক্রমিক নং | পোষাকাদির বিবরণ | ব্যবহারের মেয়াদ | পরিমাণ |
|---|---|---|---|
| ১। | ক্যাপ ব্যারেট/জকি ব্যাজসহ | ১২ মাস | ২টি |
| ২। | ক্যাপ পিকের ব্যাজ | ১২ মাস | ১টি |
| ৩। | নীল বেল্ট সিলভার কালার বাকলসহ | ১২ মাস | ১টি |
| ৪। | কর্মকালীন ড্রেসের জন্য সিজি ক্লথ | ১২ মাস | ৯ মিঃ শার্ট এবং ট্রাউজার। |
| ৫। | আনুষ্ঠানিক ড্রেসের জন্য সিজি ক্লথ | ১২ মাস | ৩.২০ মিঃ |
| ৬। | পিটি শর্টের জন্য সিজি ক্লথ | ১২ মাস | ১.৬৬ মিঃ |
| ৭। | সু অক্সফোর্ড | ১৮ মাস | ২ জোড়া |
| ৮। | নীল মোজা উলেন | ৬ মাস | ১ জোড়া |
| ৯। | নীল মোজা সুতি/নাইলন | ৬ মাস | ২ জোড়া |
| ১০। | জার্সি সিজি কালার | ৩৬ মাস | ১টি |
| ১১। | সিজি গেঞ্জি | ৬ মাস | ৩টি |
| ১২। | স্কার্ফ | ২৪ মাস | ১টি |
| ১৩। | কোষ্ট গার্ড মনোগ্রাম | ৬ মাস | ১টি |
| ১৪। | স্পোর্টস জার্সি | ৩৬ মাস | ১টি |
| ১৫। | সুইমিং কসটিউম | ১২ মাস | ১টি |
| ১৬। | গেঞ্জি স্পোর্টস অফিসার | ১২ মাস | ২টি |

পরিশিষ্ট-ঘ

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

কোষ্ট গার্ড মনোগ্রাম বিবরণ

০৮টি স্প্রোকেটবিশিষ্ট সোনালী রং এর হুইলের ভিতরে আকাশী নীল রং এর জমিন থাকিবে। উক্ত জমিনের কেন্দ্র বিন্দু হইতে ব্যাসের ১/৩ অংশের মধ্যে মেরুন রং এর জমিনের ভিতর স্থির অবস্থায় ভাসমান রূপালী রং এর নোংগর থাকিবে। নোংগরের চেইনটি হইবে সাদা ও কালো রংয়ের মিশ্রণ। নোংগরের ক্রাউনসহ ফ্লুকের ২/৩ অংশ যথাক্রমে ৫টি সাদা ও ৫টি আকাশী নীল রংয়ের ঢেউয়ের মধ্যে ডুবন্ত থাকিবে। হুইলের লম্বালম্বি স্প্রোকেটটির উপরের অংশের সোনালী রং এর সীমানার মধ্যে একটি সোনালী রং এর শাপলা থাকিবে এবং ফাঁকা স্থান লাল রংয়ের হইবে। নীচের অংশকে মধ্যে রাখিয়া উভয় পার্শ্বের স্প্রোকেট এর নীচে আকাশী নীল জমিনে সোনালী রং এর বর্ডারসহ ব্যানারের উপরে বাংলায় বাংলাদেশ কোষ্ট গার্ড কথাটি সাদা রংয়ে লিখিত থাকিবে। নিম্নে মনোগ্রামের চিত্র প্রদত্ত হইল, যথা ঃ—



এ জে এম সালাহ্ উদ্দিন আহমেদ
উপ-সচিব (প্রশাসন)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।